সংবাদ

তারিখ 10 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

জাতীয় বিশ্ববিদ্যালয়ে

# ২০১৩ সালের মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। গতকাল সন্ধ্যা ৬টায় এই ফল প্রকাশ হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম জানান এ বছর পাসের হার ৯৩ দশমিক ৪৪। ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এবং www.nubd.info থেকে পাওয়া যাবে। তাছাড়া যেকোনো মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠিয়েও ফল জানা যাবে।

ফয়জুল করিম বলেন, পরীক্ষায় ৩০টি বিষয়ে সারাদেশে ১৩১টি কলেজের এক লাখ ৯৬ হাজার ৫৭২ জন পরীক্ষার্থী অংশ নেন। যাদের মধ্যে এক লাখ ৮৩ হাজার ৬৮০ জন উত্তীর্ণ হয়েছেন। এদের মধ্যে প্রথম শ্রেণীতে ৩৭ হাজার ৭৫০ জন, দ্বিতীয় শ্রেণীতে এক লাখ ৪২ হাজার ৬৭৮ জন এবং তৃতীয় শ্রেণীতে তিন হাজার ২৫২ জন উত্তীর্ণ হয়েছেন।